২২/৮/২০০১

দৈনিক [illegible]

তারিখ ... পৃঃ ২ কলাম ... ৮

# শিবিরের ধর্মঘট চ.বিতে ক্লাস ও পরীক্ষা হয়নি

চ.বি সংবাদদাতা, চট্টগ্রাম ব্যুরো থেকে : ছাত্র শিবির আহূত লাগাতার ধর্মঘটের ফলে প্রথম দিনেই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস অচল হয়ে পড়েছে। গতকাল শনিবার শহর ও ক্যাম্পাসের মধ্যে কোন বাস চলেনি, ক্লাস, পরীক্ষা হয়নি। শহর থেকে প্রথম শাটল ট্রেন ক্যাম্পাসে গেলেও প্রায় ছাত্রছাত্রীশূন্য। পরবর্তী ট্রেনগুলোতে যেতে শিবির ক্যাডাররা বটতলি ও ষোলশহরে বাধা দেয়। ছাত্রলীগ ও ছাত্র ইউনিয়ন এ ধর্মঘট প্রত্যাখ্যান করেছে।

উল্লেখ্য, শাহজালাল শাহ আমানত হল থেকে অবৈধ অস্ত্র উদ্ধারপূর্বক বৈধ ছাত্রদের আবাসিক হলে তুলে দেয়া, প্রক্টর তৌহিদ হোসেনের অপসারণ ও বিগত সরকারের আমলে সংঘটিত সকল হত্যাকাণ্ডের চিহ্নিত সন্ত্রাসীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবিসহ ১০ দফা দাবিতে ছাত্র শিবির গতকাল থেকে এই অনির্দিষ্টকালের ধর্মঘট আহ্বান করে। ফলে দর্শন, ইংরেজি, অর্থনীতি, লোক প্রশাসন ও রাজনীতি বিজ্ঞানসহ বিভিন্ন বিভাগের লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। শিবির সমর্থিত সংগঠন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আবাসিক ছাত্র উন্নয়ন পরিষদ ও সংগ্রামী ছাত্র ঐক্য ছাত্র শিবির আহূত এই ধর্মঘট সমর্থন করে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে উদ্ভূত পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য গতকাল হল প্রভোস্টদের সাথে উপাচার্যের এক বৈঠক অনুষ্ঠিত হয় তার দপ্তরে। হলসমূহ থেকে অবৈধ ছাত্রদের বের করে বৈধ ছাত্রদের হলে উঠানোর ওপর গুরুত্বারোপ করা হয়। এ বিষয়ে পূর্ণাঙ্গ সিদ্ধান্ত গ্রহণের জন্য আজ পুনরায় প্রভোস্টদের সাথে উপাচার্যের বৈঠক অনুষ্ঠিত হবে বলে জানা গেছে।